# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

**প্রধান কার্যালয়**

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

স্মারক নং পসব্য/প্রকা/প্রশা-০৯/২০২৩-২৪/৭৮২ তারিখ: ১৪/১২/২০২৩খ্রি:

সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,
সকল নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও
সকল শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক।

**বিষয়: শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২৩ জারীকরণ প্রসঙ্গে।**

উল্লিখিত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ১৭/০৮/২০২১ তারিখের পসব্য/প্রকা/প্রশা-০৯/২০২১-২০২২/২৬৪ নং পত্রের মাধ্যমে জারীকৃত "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০২১" হালনাগাদ করে "শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২৩" প্রণয়ন করা হয়েছে, যা পরিচালনা বোর্ডের ০৪/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত ১০৩তম সভায় অনুমোদিত হয়েছে। উক্ত নীতিমালাটি সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্বারা জারী করা হলো।

২। এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে,

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১৪/১২/২০২৩
(মো: আলা উদ্দিন)
মহাব্যবস্থাপক

---

স্মারক নং-পসব্য/প্রকা/প্রশা-০৯/২০২৩-২৪/ ৭৮২(৭৪) তারিখ: ১৪/১২/২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। স্টাফ অফিসার টু চেয়ারম্যানের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
২। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। বিভাগ প্রধান (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। অফিস নথি।

14.12.23
(মোঃ রুহুল আমিন)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

**প্রধান কার্যালয়**

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

**বিষয়: পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মচারীগণের শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২৩।**

১। **পটভূমি:**

'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ সালে মন্ত্রিসভা-বৈঠকে অনুমোদিত হওয়ার পর গেজেট ও পুস্তিকা আকারে প্রকাশ করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প "সুখী-সমৃদ্ধ সোনার বাংলা" এবং অভিলক্ষ্য "রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা"। এ কৌশল বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদ এবং মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে উপদেষ্টা পরিষদের নির্বাহী কমিটি গঠিত হয়। জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সকল রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ন্যায় পল্লী সঞ্চয় ব্যাংকে নৈতিকতা কমিটি গঠিত হয়েছে এবং নৈতিকতা কমিটির সদস্য সচিব শুদ্ধাচার ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করছেন। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে পল্লী সঞ্চয় ব্যাংক শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করছে। উক্ত কর্ম-পরিকল্পনায় অন্যান্য কর্মকান্ডের সঙ্গে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭' এর অনুসরণে পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মচারীগণের জন্য 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০২১' জারী করা হয়েছিল। শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে অধিকতর পদ্ধতিগত স্বচ্ছতা আনয়ন এবং পরিসর বৃদ্ধির লক্ষ্যে বিগত ১৬ নভেম্বর ২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১' জারী করা হয়। সে প্রেক্ষিতে পল্লী সঞ্চয় ব্যাংকের জন্য প্রণীত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০২১' এর সংশোধন/পরিমার্জন/পরিবর্ধন করে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২৩' প্রণয়ন করে পরিচালনা বোর্ডের ০৪/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত ১০৩তম সভায় উপস্থাপন করা হলে বোর্ড কর্তৃক তা অনুমোদিত হয়, যা নিম্নরূপ:

২। **উদ্দেশ্য:**

পল্লী সঞ্চয় ব্যাংকের নির্বাচিত কর্মচারীগণের পুরস্কার প্রদানের উদ্দেশ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো। এ নীতিমালা অনুসারে প্রতি অর্থবছরে ব্যাংকের কর্মচারীগণের শুদ্ধাচার চর্চার নিমিত্তে পুরস্কার প্রদান করা হবে।

৩। **পুরস্কার প্রদানের পর্যায়:**

শুদ্ধাচার চর্চার জন্য নিম্নোক্ত পর্যায়সমূহ বিবেচনা করা হবে:

৩.১ ব্যবস্থাপনা পরিচালক (গ্রেড-০১) এর পুরস্কার বিবেচনার বিষয়টি অর্থ মন্ত্রনালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এখতিয়ারাধীন;

৩.২ প্রধান কার্যালয়ে কর্মরত উপ-ব্যবস্থাপনা পরিচালক, মহাবিভাগ ও বিভাগ প্রধানদের মধ্য হতে ০১ (এক) জন, গ্রেড-০২ হতে গ্রেড-০৯, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ও গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মচারীগণের মধ্য হতে ০১ (এক) জন করে মোট ০৪ (চার) জন কর্মচারী*;

৩.৩ জেলা (আঞ্চলিক) কার্যালয় অথবা নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়ে কর্মরত গ্রেড-০৩ হতে গ্রেড-০৯ (যেহেতু এসব কার্যালয়ে গ্রেড-০২ এর কোনো কর্মচারী থাকার সুযোগ নেই); গ্রেড-১০ হতে গ্রেড-১৬ এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মচারীগণের মধ্য হতে ০১ (এক) জন করে মোট ০৩ (তিন) জন কর্মচারী;

৩.৪ শাখা কার্যালয়সমূহে কর্মরত শাখা ব্যবস্থাপক অথবা গ্রেড-০৪ হতে গ্রেড-০৯ ভুক্ত কর্মচারীগণের মধ্য হতে ০১ (এক) জন, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত ০১ (এক) জন করে মোট ০৩ (তিন) জন কর্মচারী।

---

*"কর্মচারী" বলতে পল্লী সঞ্চয় ব্যাংকে চাকরিরত সকলকে বুঝাবে।

চলমান পাতা-০২

৪। **মূল্যায়ন পদ্ধতি:**

নীতিমালায় বর্ণিত সূচক (Indicators)-এর ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণে এ পুরস্কার প্রদানের জন্য কর্মচারী নির্বাচন করা হবে। পুরস্কার প্রদানের সুপারিশ করার ক্ষেত্রে বিভিন্ন গ্রেডের কর্মচারীগণের জন্য নির্ধারিত মূল্যায়ন সূচকের বিপরীতে ধার্যকৃত নম্বরসহ নিম্নের ছকে উল্লিখিত মোট ১০০ নম্বর বিবেচনা করা হবে:

৪.১ গ্রেড ০২-০৯ ভুক্ত কর্মচারীগণের শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন সূচক:

| ক্রমিক নং | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর |
|---|---|---|
| ১ | সততা ও নৈতিকতা | ১০ |
| ২ | সেবা গ্রহীতাদের সেবা প্রদান | ১০ |
| ৩ | পেশাগত দক্ষতা ও তথ্য প্রযুক্তির ব্যবহার (ই-নথি, ই-সার্ভিস ইত্যাদি) | ১০ |
| ৪ | অধস্তন কর্মচারীগণের তত্ত্বাবধান ও পরিবীক্ষণ | ১০ |
| ৫ | দলগত কাজের সমন্বয় | ১০ |
| ৬ | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ |
| ৭ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে তৎপরতা | ১০ |
| ৮ | কর্তব্যনিষ্ঠা ও স্ব-প্রণোদিত উদ্যোগ | ১০ |
| ৯ | উদ্ভাবন ও সংস্কার কার্যক্রমে আগ্রহ | ১০ |
| ১০ | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ |
| | সর্বমোট | ১০০ |

৪.২ গ্রেড ১০-১৬ ভুক্ত কর্মচারীগণের শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন সূচক:

| ক্রমিক নং | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর |
|---|---|---|
| ১ | সততা ও নৈতিকতা | ১০ |
| ২ | সেবা প্রদানে দক্ষতা | ১০ |
| ৩ | সহকর্মী ও সেবাগ্রহীতার সঙ্গে আচরণ | ১০ |
| ৪ | উদ্ভাবন ও সংস্কারমূলক কাজে আগ্রহ | ১০ |
| ৫ | কম্পিউটার ব্যবহার ও ই-কমিউনিকেশনে দক্ষতা | ১০ |
| ৬ | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ |
| ৭ | নথি ব্যবস্থাপনায় দক্ষতা | ১০ |
| ৮ | দাপ্তরিক গোপনীয়তা রক্ষা | ১০ |
| ৯ | আনুগত্য ও বিশ্বস্ততা | ১০ |
| ১০ | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ |
| | সর্বমোট | ১০০ |

চলমান পাতা-০৩

৪.৩ গ্রেড ১৭-২০ ভুক্ত কর্মচারীগণের শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন সূচক:

| ক্রমিক নং | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর |
|---|---|---|
| ১ | সততা ও নৈতিকতা | ১০ |
| ২ | সেবা প্রদানে দক্ষতা | ১০ |
| ৩ | সহকর্মী ও সেবাগ্রহীতার সঙ্গে আচরণ | ১০ |
| ৪ | দাপ্তরিক গোপনীয়তা রক্ষা | ১০ |
| ৫ | দাপ্তরিক নিরাপত্তা সচেতনতা | ১০ |
| ৬ | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ |
| ৭ | আনুগত্য ও বিশ্বস্ততা | ১০ |
| ৮ | পরিষ্কার পরিচ্ছন্নতা | ১০ |
| ৯ | যথাযথ পোশাক পরিধান | ১০ |
| ১০ | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ |
| | সর্বমোট | ১০০ |

৫। **পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ:**

৫.১ বিবেচ্য কর্মচারীকে পুরস্কার প্রদানের জন্য ন্যূনতম ০৬ (ছয়) মাস পল্লী সঞ্চয় ব্যাংকের সংশ্লিষ্ট শাখা/ কার্যালয়ে চাকরি করতে হবে;

৫.২ পুরস্কারের সূচকসমূহের বিপরীতে যথাসম্ভব প্রমাণকের ভিত্তিতে ক্যাটাগরি অনুসারে সর্বোচ্চ নম্বরপ্রাপ্তকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে;

৫.৩ কোন কর্মচারীর মোট প্রাপ্ত নম্বর ন্যূনতম ৮০ না হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না;

৫.৪ কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগ তদন্তাধীন/বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান থাকলে/মামলায় শাস্তি প্রাপ্ত হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না;

৫.৫ একাধিক কর্মচারীর প্রাপ্ত নম্বর একই হলে যৌথভাবে সেরা কর্মচারী নির্বাচন করতে হবে এবং প্রত্যেকে পৃথকভাবে পুরস্কৃত হবেন;

৫.৬ কোন কর্মচারী একবার শুদ্ধাচার পুরস্কার পেলে বদলি, পদোন্নতি বা অন্য কোন কারণে কার্যালয় পরিবর্তিত হলেও তিনি পরবর্তী ৩ বছরের মধ্যে পুনরায় পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হবেন না। বদলিযোগ্য চাকরির জন্য প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী কর্মস্থলের প্রত্যয়ন গ্রহণ করতে হবে।

৬। **মূল্যায়ন ফরম প্রেরণ ও বাছাই পদ্ধতিঃ**

৬.১ প্রত্যেক শাখা ব্যবস্থাপক শাখায় কর্মরত গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ও গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মচারীগণের মধ্য হতে ০১ (এক) জন করে মোট ০২ (দুই) জন নির্বাচিত কর্মচারীকে নির্ধারিত মূল্যায়ন ফরমে মূল্যায়নপূর্বক আঞ্চলিক বাছাই কমিটিতে প্রেরণ করবেন;

৬.২ প্রত্যেক জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শাখা ব্যবস্থাপক অথবা শাখায় কর্মরত গ্রেড-০৪ হতে গ্রেড-০৯ ভুক্ত কর্মচারীগণের মধ্য হতে ০১ (এক) জন, তাঁর কার্যালয়ে কর্মরত গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ও গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মচারীগণের মধ্য হতে ০১ (এক) জন করে ০২ (দুই) জনসহ মোট ০৩ (তিন) জন নির্বাচিত কর্মচারীকে নির্ধারিত মূল্যায়ন ফরমে মূল্যায়নপূর্বক আঞ্চলিক বাছাই কমিটিতে প্রেরণ করবেন;

চলমান পাতা-০৪

৬.৩ ক. আঞ্চলিক বাছাই কমিটি শাখা ও জেলা (আঞ্চলিক) কার্যালয় হতে প্রাপ্ত মূল্যায়ন ফরমসমূহ যাচাই-বাছাই পূর্বক শাখা ব্যবস্থাপক অথবা শাখায় কর্মরত গ্রেড-০৪ হতে গ্রেড-০৯ কর্মচারীগণের মধ্য হতে ০১ (এক) জন; গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ও গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মচারীগণের মধ্য হতে ০১ (এক) জন করে ০২ (দুই) জনসহ মোট ০৩ (তিন) জন কর্মচারীকে নির্বাচন করে প্রধান কার্যালয়ের বাছাই কমিটিতে প্রেরণ করবে;

খ. আঞ্চলিক বাছাই কমিটি জেলা (আঞ্চলিক) কার্যালয় হতে প্রাপ্ত জেলা (আঞ্চলিক) কার্যালয়ে কর্মরত কর্মচারীগণের মূল্যায়ন ফরমসমূহ যাচাই-বাছাই পূর্বক গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ও গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মচারীগণের মধ্য হতে ০১ (এক) জন করে মোট ০২ (দুই) জন কর্মচারীকে নির্বাচন করে প্রধান কার্যালয়ের বাছাই কমিটিতে প্রেরণ করবে;

৬.৪ প্রত্যেক প্রশাসনিক বিভাগের দায়িত্বপ্রাপ্ত/মনিটরিং কর্মকর্তা (শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগে কর্মরত) তাঁর আওতাধীন সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ে কর্মরত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অথবা গ্রেড-০৩ হতে গ্রেড-০৯ ভুক্ত কর্মচারীগণের মধ্য হতে ০১ (এক) জন নির্বাচিত কর্মচারীকে নির্ধারিত মূল্যায়ন ফরমে মূল্যায়নপূর্বক প্রধান কার্যালয়ের বাছাই কমিটিতে প্রেরণ করবেন;

৬.৫ ক. প্রত্যেক নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তাঁর অধীনে কর্মরত গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ও গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মচারীগণের মধ্য হতে ০১ (এক) জন করে মোট ০২ (দুই) জন নির্বাচিত কর্মচারীকে নির্ধারিত মূল্যায়ন ফরমে মূল্যায়নপূর্বক প্রধান কার্যালয়ের বাছাই কমিটিতে প্রেরণ করবেন;

খ. অভ্যন্তরীণ নিরীক্ষা ও পরিপালন বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়ে কর্মরত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অথবা গ্রেড-০৩ হতে গ্রেড-০৯ ভুক্ত কর্মচারীগণের মধ্য হতে ০৩ (তিন) জন নির্বাচিত কর্মচারীকে নির্ধারিত মূল্যায়ন ফরমে মূল্যায়নপূর্বক প্রধান কার্যালয়ের বাছাই কমিটিতে প্রেরণ করবেন;

৬.৬ ক. প্রধান কার্যালয়ের বাছাই কমিটি প্রাপ্ত মূল্যায়ন ফরমসমূহ যাচাই-বাছাই পূর্বক শাখায় কর্মরত শাখা ব্যবস্থাপক/ গ্রেড-০৪ হতে গ্রেড-০৯ ভুক্ত কর্মচারীগণের মধ্য হতে ০৩ (তিন) জন; গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ও গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মচারীগণের মধ্য হতে ০৩ (তিন) জন করে ০৬ (ছয়) জনসহ মোট ০৯ (নয়) জন কর্মচারীকে নির্বাচন করে কেন্দ্রীয় বাছাই কমিটিতে প্রেরণ করবে;

খ. প্রধান কার্যালয়ের বাছাই কমিটি প্রাপ্ত মূল্যায়ন ফরমসমূহ যাচাই-বাছাই পূর্বক জেলা (আঞ্চলিক) কার্যালয়/ নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়ে কর্মরত গ্রেড-০৩ হতে গ্রেড-০৯, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মচারীগণের মধ্য হতে ০৩ (তিন) জন করে মোট ০৯ (নয়) জন কর্মচারীকে নির্বাচন করে কেন্দ্রীয় বাছাই কমিটিতে প্রেরণ করবে;

৬.৭ প্রত্যেক মহাব্যবস্থাপক তাঁর অধীনে কর্মরত গ্রেড-০৩ হতে গ্রেড-০৯, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ও গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মচারীগণের মধ্য হতে ০১ (এক) জন করে মোট ০৩ (তিন) জন নির্বাচিত কর্মচারীকে নির্ধারিত মূল্যায়ন ফরমে মূল্যায়নপূর্বক কেন্দ্রীয় বাছাই কমিটিতে প্রেরণ করবেন;

৬.৮ ব্যবস্থাপনা পরিচালক উপ-ব্যবস্থাপনা পরিচালক/ সকল মহাব্যবস্থাপক/ প্রধান কার্যালয়ের বিভাগীয় প্রধানগণের মধ্য হতে এক বা একাধিক কর্মচারীকে নির্ধারিত মূল্যায়ন ফরমে মূল্যায়নপূর্বক কেন্দ্রীয় বাছাই কমিটিতে প্রেরণ করবেন;

৬.৯ কেন্দ্রীয় বাছাই কমিটি অনুচ্ছেদ ৩.২, ৩.৩ ও ৩.৪ অনুযায়ী পুরস্কারের জন্য চূড়ান্তভাবে কর্মচারী নির্বাচন করবে। কর্তৃপক্ষ বছরের পরবর্তী বার্ষিক সম্মেলন অথবা সুবিধাজনক যেকোনো সময়ে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

চলমান পাতা-০৫

৭। **শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি গঠন:**

৭.১ শাখা/ জেলা (আঞ্চলিক) কার্যালয়ের কর্মচারীগণের মনোনয়নের জন্য আঞ্চলিক বাছাই কমিটির গঠন নিম্নরূপ:

| | |
|---|---|
| সভাপতি | : সংশ্লিষ্ট প্রশাসনিক বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ) |
| সদস্য | : সংশ্লিষ্ট জেলা (আঞ্চলিক) কার্যালয় এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| সদস্য-সচিব | : সংশ্লিষ্ট জেলার সদর শাখার শাখা ব্যবস্থাপক |

৭.২ মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীগণের মনোনয়নের জন্য প্রধান কার্যালয়ের বাছাই কমিটির গঠন নিম্নরূপ:

| | |
|---|---|
| সভাপতি | : উপ-ব্যবস্থাপনা পরিচালক, তাঁর অনুপস্থিতিতে জ্যেষ্ঠ মহাব্যবস্থাপক |
| সদস্য | : সকল মহাব্যবস্থাপক |
| সদস্য-সচিব | : ব্যাংকের নৈতিকতা কমিটির বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

৭.৩ কেন্দ্রীয় বাছাই কমিটির গঠন নিম্নরূপ:

| | |
|---|---|
| সভাপতি | : ব্যবস্থাপনা পরিচালক |
| সদস্য | : উপ-ব্যবস্থাপনা পরিচালক ও সকল মহাব্যবস্থাপক |
| সদস্য-সচিব | : ব্যাংকের নৈতিকতা কমিটির বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |

৮। **পুরস্কারের মান:**

পুরস্কার হিসেবে পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক নির্ধারিত ফরমেটে একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা হবে। এক্ষেত্রে কোন কর্মচারী যে মাসে পুরস্কারের জন্য নির্বাচিত হবেন তার পূর্ববর্তী মাসের আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ পুরস্কার হিসেবে প্রাপ্ত হবেন।

৯। এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে,

শেখ মোঃ জামিনুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক

সংযুক্তি: বর্ণনামোতাবেক

পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

-------------------------শাখা/কার্যালয়

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

**শুদ্ধাচার পুরস্কার প্রদানের মূল্যায়ন ফরম (গ্রেড ০২-০৯ ভুক্ত কর্মচারী)**

নাম:.............................................................পদবি:................................................

এমপ্লয়ি আইডি/পরিচিতি নম্বর:........................... বর্তমান কর্মস্থল:.............................................

শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন সূচক (প্রত্যেক সূচকের বিপরীতে যথাযথ ঘরে অংকে নম্বর প্রদান করে মূল্যায়ন করুন):

| ক্রমিক নং | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | সততা ও নৈতিকতা | ১০ | | |
| ২ | সেবা গ্রহীতাদের সেবা প্রদান | ১০ | | |
| ৩ | পেশাগত দক্ষতা ও তথ্য প্রযুক্তির ব্যবহার (ই-নথি, ই-সার্ভিস ইত্যাদি) | ১০ | | |
| ৪ | অধস্তন কর্মচারীগণের তত্ত্বাবধান ও পরিবীক্ষণ | ১০ | | |
| ৫ | দলগত কাজের সমন্বয় | ১০ | | |
| ৬ | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ | | |
| ৭ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে তৎপরতা | ১০ | | |
| ৮ | কর্তব্যনিষ্ঠা ও স্ব-প্রণোদিত উদ্যোগ | ১০ | | |
| ৯ | উদ্ভাবন ও সংস্কার কার্যক্রমে আগ্রহ | ১০ | | |
| ১০ | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

(মোট প্রাপ্ত নম্বর কথায়: ---------------------------------------------------------------)

মূল্যায়নকারীর তারিখসহ স্বাক্ষর
(নামসহ সীলমোহর)

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

-------------------------শাখা/কার্যালয়

## শুদ্ধাচার পুরস্কার প্রদানের মূল্যায়ন ফরম (গ্রেড ১০-১৬ ভুক্ত কর্মচারী)

নাম:..............................................................পদবি:..................................................

এমপ্লয়ি আইডি/পরিচিতি নম্বর:...........................বর্তমান কর্মস্থল: ..............................................

শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন সূচক (প্রত্যেক সূচকের বিপরীতে যথাযথ ঘরে অংকে নম্বর প্রদান করে মূল্যায়ন করুন):

| ক্রমিক নং | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | সততা ও নৈতিকতা | ১০ | | |
| ২ | সেবা প্রদানে দক্ষতা | ১০ | | |
| ৩ | সহকর্মী ও সেবাগ্রহীতার সঙ্গে আচরণ | ১০ | | |
| ৪ | উদ্ভাবন ও সংস্কারমূলক কাজে আগ্রহ | ১০ | | |
| ৫ | কম্পিউটার ব্যবহার ও ই-কমিউনিকেশনে দক্ষতা | ১০ | | |
| ৬ | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ | | |
| ৭ | নথি ব্যবস্থাপনায় দক্ষতা | ১০ | | |
| ৮ | দাপ্তরিক গোপনীয়তা রক্ষা | ১০ | | |
| ৯ | আনুগত্য ও বিশ্বস্ততা | ১০ | | |
| ১০ | ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

(মোট প্রাপ্ত নম্বর কথায়: ---------------------------------------------------------------)

মূল্যায়নকারীর তারিখসহ স্বাক্ষর
(নামসহ সীলমোহর)

পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

-------------------------শাখা/কার্যালয়

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

## শুদ্ধাচার পুরস্কার প্রদানের মূল্যায়ন ফরম (গ্রেড ১৭-২০ ভুক্ত কর্মচারী)

নাম:.......................................................পদবি:..............................................

এমপ্লয়ি আইডি/পরিচিতি নম্বর:...........................বর্তমান কর্মস্থল: ........................................

শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন সূচক (প্রত্যেক সূচকের বিপরীতে যথাযথ ঘরে অংকে নম্বর প্রদান করে মূল্যায়ন করুন):

| ক্রমিক নং | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | সততা ও নৈতিকতা | ১০ | | |
| ২ | সেবা প্রদানে দক্ষতা | ১০ | | |
| ৩ | সহকর্মী ও সেবাগ্রহীতার সঙ্গে আচরণ | ১০ | | |
| ৪ | দাপ্তরিক গোপনীয়তা রক্ষা | ১০ | | |
| ৫ | দাপ্তরিক নিরাপত্তা সচেতনতা | ১০ | | |
| ৬ | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ | | |
| ৭ | আনুগত্য ও বিশ্বস্ততা | ১০ | | |
| ৮ | পরিষ্কার পরিচ্ছন্নতা | ১০ | | |
| ৯ | যথাযথ পোশাক পরিধান | ১০ | | |
| ১০ | ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

(মোট প্রাপ্ত নম্বর কথায়: ---------------------------------------------------------------)

মূল্যায়নকারীর তারিখসহ স্বাক্ষর
(নামসহ সীলমোহর)